উন্নয়ন বাজেটের আওতায় কার্যক্রম

বর্তমান মহাজোট সরকার দায়িত্ব গ্রহণের পর বিগত দুই বছরে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের উন্নয়ন বাজেটে ২০০৮-০৯ ও ২০০৯-১০ অর্থবছরে যথাক্রমে ৩২২.৯৮, ২৭৫.১৪ কোটি টাকা বরাদ্দ পাওয়া যায় এবং ব্যয় হয় ৩০৪.৫৭, ২৩৭.২৭ কোটি টাকা । এ অর্থ দ্বারা উল্লেখযোগ্য কয়েকটি কার্যক্রম নিম্মে প্রদত্ত হলঃ

১। এডিপিভুক্ত প্রকল্পঃ

❖ **পার্বত্য চট্টগ্রাম এলাকায় সমন্বিত সমাজ উন্নয়ন প্রকল্প (২য় পর্যায়)-শীর্ষক প্রকল্পের আওতায়ঃ**

বাস্তবায়নকারী সংস্থা	ঃ	পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ড
প্রাক্কলিত ব্যয়	ঃ	১৭৯.৬৯ কোটি (জিওবি ৯৯.৭৪ কোটি ও প্রকল্প সাহায্য ৭৯.৯৫ কোটি) টাকা।
বাস্তবায়ন মেয়াদ	ঃ	জানুয়ারি ১৯৯৬ হতে সেপ্টেম্বর ২০১০ পর্যন্ত।

প্রকল্পের উদ্দেশ্যঃ

পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের অনগ্রসর পরিবারের আর্থ-সামাজিক উন্নয়নে মৌলিক সেবা প্রদানের মাধামে বিশেষ করে মা ও শিশু পুষ্টিহীনতা রোধ, মৃত্যুহার হ্রাস, পানি ও মলবাহিত রোগের প্রাদুর্ভাব রোধ এবং প্রাতিষ্ঠানিক ও অপ্রাতিষ্ঠানিক শিক্ষা কার্যক্রমের মাধ্যমে এ অঞ্চলের শিক্ষার হার বৃদ্ধি করা।

প্রধান প্রধান কর্মসূচীঃ

- ৩৫০০টি পাড়া কন্দ্রে স্হাপন।
- ৩৫০০ জন পাড়াকর্মীকে প্রাথমিক স্বাস্থ্য পরিচর্যা, অনানুষ্ঠানিক শিক্ষা, পানি ও পরিবেশ উন্নয়ন, কমিটিউনিটি উন্নয়ন বিষয়ক প্রশিক্ষণ প্রদান।
- প্রকল্পভুক্ত জনগণের পুষ্টিমান উন্নয়নের জন্য প্রদর্শনমূলক শাকসজী বাগান গড়ন, এ্যামোনিয়া প্রতিরোধমূলক কর্মসূচি বাস্তবায়ন।
- প্রকল্প এলকায় ৩৭৫টি যথোপযুক্ত পীনয় জলের উৎস উন্নয়ন ও ১১,১০০ সেট স্লাব লেট্রিন বিতরণ, ৩৫০০ পাড়া কেন্দ্রর হাইজিন প্রমোশন প্রোগ্রাম চালুকরণ।
- ৪টি আবাসিক বিদ্যালয়ের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের ক্ষুদ্র উপজাতীয় সম্প্রদায়ভুক্ত ৭০০জন ছাত্র/ছাত্রীকে আনুষ্ঠানিক শিক্ষাদান।
- ৩৫০০ পাড়া কেন্দ্রর মাধামে ১ লক্ষ শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষাদান
- শিশু অধিবার ও জেণ্ডার বিষয়ক সচেতনতা সৃষ্টি।

২০০৮-২০০৯ অর্থবছরে বাস্তবায়িত কর্মসূচি ঃ ২৫২০ জন পাড়াকর্মীর সম্মানী ভাতা, ৮টি ইদুঁর বন্যা আক্রান্ত এলাকায় পুষ্টি সহায়তা প্রদান, ৪টি আবাসিক বিদ্যালয় পরিচালনা, ৫৭৫ জনকে সঞ্জীবনী প্রশিক্ষণ প্রদান, ৩০০টি নতুন পাড়া কেন্দ্র নির্মাণ, ২৬ জন কর্মকর্তার অভ্যন্তরীণ শিক্ষা সফর, ৫৫০ টি পাড়া কেন্দ্রের স্হায়ী অবকাঠামো নির্মাণ এবং ৭০০ জনের মৌলিক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

<u>২০০৯-১০ অর্থবছরে বাস্তবায়িত কর্মসূচি</u> ঃ পার্বত্য জেলায় ৩০২০টি পাড়া কেন্দ্রের মাধ্যমে ৫৮০০০ শিশুকে প্রি-স্কুল শিক্ষাদান, ১,১০,০০০ পরিবারের স্বাস্থ্য ও পুষ্টিমান উন্নয়ন, ০৪টি আবাসিক বিদ্যালয়ের মাধামে ৭০০ জন ছাত্র/ছাত্রীকে আনুষ্ঠানিক শিক্ষাদান, ৯০৩ জন পাড়াকর্মীর মৌলিক ও ৯১১ জন পাড়াকর্মীর সঞ্জিবনী প্রশিক্ষণ, ৭০ জন কর্মকর্তার প্রশিক্ষণ, ৫০০টি পাড়াকেন্দ্রের অবকাঠামো নির্মাণ, ১৯৫১ জন কিশোরীর পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ ও ৩০০ পাড়া কেন্দ্রে স্যানিটেশন কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।

❖ <u>Promotion of Development and confidence Building in the Chittagong Hill Tracts (UNDP-CHTDF)</u>

বাস্তবায়নকারী সংস্থা	ঃ	ইউএনডিপি-সিএইচটিডিএফ
প্রাক্কলিত ব্যয়	ঃ	১০৯৭.৬৩ কোটি টাকা।
বাস্তবায়ন মেয়াদ	ঃ	এপ্রিল ২০০৩ হতে সেপ্টেম্বর ২০১৩

<u>প্রকল্পের উদ্দেশ্যঃ</u>

- পার্বত্য চট্টগ্রামের দারিদ্র বিমোচনের জন্য আর্থ-সামাজিক উন্নয়ন কর্মসূচী বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন প্রতিষ্ঠানে ও স্থানীয় জনসাধারনকে সক্ষম করে তোলার লক্ষ্যে বাংলাদেশ সরকারকে সহায়তা দান করা।
- পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়ক পরিবেশ তৈরী করে উন্নয়ন সহযোগীদের সহায়তা বৃদ্ধিতে উদ্যোগ নেয়া।
- দীর্ঘস্থায়ী উন্নয়নের নিমিত্ত পার্বত্য চট্টগ্রামের প্রতিষ্ঠান এবং জনসাধারণের জন্য কর্মসূচী বাস্তবায়ন করা।

<u>প্রধান প্রধান কর্মসূচীঃ</u>

- তৃণমূল পর্যায়ে কর্মসূচী বাস্তবায়নের জন্য বিভিন্ন প্রতিষ্ঠানের সামর্থ বৃদ্ধিকরণ।
- আঞ্চলিক ও আন্তঃকমিউনিটি উন্নয়ন কর্মসূচী।
- আত্মনির্ভরশীল উন্নয়ন কর্মসূচী হিসেবে স্থানীয় জনসাধারণকে ছোট ছোট প্রকল্প বাস্তবায়নে সহায়তা।
- পার্বত্য চট্টগ্রামের শান্তির নিমিত্ত আস্থা বৃদ্ধিমূলক কর্মসূচী ।
- উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয়, আস্থা বৃদ্ধি এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়নের জন্য ইউএনডিপি-এর পরিচালনা অবকাঠামো ও সামর্থ সহায়তা সংক্রান্ত।

<u>বিগত ২০০৯-১০ ও ২০১০-১১ অর্থবছরে অগ্রগতি নিন্মরূপঃ</u>

(ক) <u>২০০৮-২০০৯ অর্থবছরে</u> ঃ

- তিন পার্বত্য জেলার ১৬টি উপজেলায় ২১৭৭টি কমিউনিটি ডেভেলপমেন্ট দল এবং ৪৫০টি নারী পাড়া উন্নয়ন দল গঠন করে আর্থ-সামাজিক উন্নয়ন লক্ষ্যে কারিগরী প্রশিক্ষণ প্রদানসহ আর্থিক সহায়তা করা হয়েছে।

- মাতৃভাষা শিক্ষা লক্ষ্যে যে সকল এলাকায় লেখা পড়ার সুযোগ নেই এরকম ৬টি উপজেলায় ১৯টি শিক্ষা প্রতিষ্ঠান এবং স্কুল কমিটি গঠন করে অর্থ সহায়তা প্রদান করা হয়েছে এবং শিক্ষকদের প্রশিক্ষণের ব্যবস্হা গ্রহণসহ শিক্ষার্থীদের শিক্ষা উপরকণ প্রদান করা হয়েছে। তাছাড়া ২০জন উপজাতীয় শিক্ষার্থীকে অষ্টেলিয়ায় বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচচশিক্ষা গ্রহণের ব্যবস্হা গ্রহণ করা হয়েছে।

(খ) <u>২০০৯-২০১০ অর্থবছরে</u> ঃ

- ৫৪২টি নতুন পাড়া কমিটি গঠন করা হয়েছে এবং ১১৭২ জন পাড়াকর্মীকে মাশরুম চাষ, মধু উৎপাদন, আদা প্রসেসিং ও ঔষধি উদ্ভিদ চাষের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ৩০১ জন পাড়া কর্মীকে স্বাস্থ্য সেবা বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়েছে যাতে তারা দুর্গম প্রত্যন্ত অঞ্চলে স্বাস্থ্য সেবা প্রদান করে আর্থিকভাবে উন্নতি লাভ করতে পারে।
- পার্বত্য চট্টগ্রামে ৬টি উপজেলায় ৩৫টি মোবাইল ক্লিনিকের মাধ্যমে স্বাস্থ্য সেবা প্রদান করা হয়েছে।
- পার্বত্য চট্টগ্রামের প্রত্যন্ত অঞ্চলে ১৫০টি স্কুল পরিচালনা কমিটি গঠন করে স্কুল ঘর নির্মাণ এবং পরিচালনার জন্য আর্থিক সহায়তা প্রদান করে ৮৩৮০ জন শিক্ষার্থীকে প্রাথমিক শিক্ষা এবং ২২৯৯ জন শিশুকে প্রাক-প্রাথমিক শিক্ষা প্রদানের ব্যবস্হা নেয়া হয়েছে। ১৫০ জন শিক্ষার্থীকে ILTS প্রশিক্ষণের ব্যবস্থ্য করা হয়েছে এবং ২০জন উপজাতীয় শিক্ষার্থীকে অষ্টেলিয়ার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে উচ্চশিক্ষা গ্রহণে ব্যবস্হা করা হয়েছে।
- নারী ক্ষমতায়নের লক্ষ্যে ১৮০জন ইউনিয়ন পরিষদের মহিলা সদস্যকে এবং ২৪৭জন স্হানীয় মহিলাকে প্রাথমিক স্বাস্থ্য সেবা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

২০১০-১১ অর্থবছরে বরাদ্দ দ্বারা অনুরূপ কার্যক্রম বাস্তায়নায়ন করা হচেছ।

❖ **<u>পার্বত্য চট্টগ্রাম পল্লী উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)</u>ঃ**

প্রকল্পের মেয়াদ ঃ ২০০১ হতে ডিসেম্বর ২০০৯ পর্যন্ত।

মোট প্রাক্কলিত ব্যয় ঃ ৩২০.৬৯কোটি টাকা।

অর্থায়নের উৎস ঃ

		লক্ষ টাকা
(১)	এডিবি	১৭৭.০০কোটি
(২)	ডানিডা/এডিবি	৫৮.৪৮ কোটি
(৩)	বাংলাদেশ সরকার	৫৩.৬৯ কোটি
(৪)	উপকারভোগী	১৩.৩৬ কোটি
(৫)	পিকেএসএফ	১৮.১৬ কোটি

বাস্তবায়নকারী সংস্থা ঃ পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদ, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর,পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন,পার্বত্য জেলা পরিষদ রাঙ্গামাটি/ খাগড়াছড়ি/ বান্দরবান ।

<u>প্রকল্পের উদ্দেশ্য</u> ঃ

- পার্বত্য চট্টগ্রাম অঞ্চলে গ্রামীণ মৌলিক ভৌত অবকাঠামো উন্নয়নের মাধ্যমে দারিদ্র দূরীকরণ;
- কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি, আয় বৃদ্ধিকরণ এবং দরিদ্র ও ক্ষুদ্র প্রান্তিক চাষীদের আর্থ-সামাজিক উন্নয়ন।
- সেতু/কালভার্টসহ ফিডার সড়ক ও গ্রামীণ সড়ক নির্মাণের মাধ্যমে পার্বত্য চট্টগ্রাম অঞ্চলের সার্বিক যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন ও কৃষি উন্নয়নে সহায়তা।
- ভৌত নির্মাণ কাজের মাধ্যমে প্রকল্প এলাকায় গ্রামীণ দরিদ্র জনগোষ্ঠীর জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করা।

- ব্যবস্থাপনা সামর্থ বৃদ্ধিকরণ এবং উন্নয়নের স্থায়িত্ব অর্জনের নিমিত্ত প্রশিক্ষণ ও প্রযুক্তিগত সহায়তা প্রদান।
- স্থানীয় উন্নয়ন কর্মসূচীতে জনসাধারণের অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে সমাজ উন্নয়ন কর্মসূচী বাস্তবায়ন।
- স্থানীয় সরকার প্রতিষ্ঠান ও বেসরকারী প্রতিষ্ঠানসমূহকে ভবিষ্যতে অধিকতর উন্নয়ন কর্ম-পরিকল্পনা বাস্ত বায়নের নিমিত্ত প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধিতে সহায়তা প্রদান করা।

২০০৯-১০ ও ২০১০-১১ অর্থবছরে অগ্রগতিঃ

২০০৮-০৯ অর্থবছরে ১০২.৬১ কোটি (জিওবি ১৮.২৪ কোটি ও প্রকল্প সাহায্য ৮৪.৩৭ কোটি টাকা এবং ২০০৯-১০ অর্থবছরে ১.১৩ কোটি (জিওবি ০.৬২ কোটি ও প্রকল্প সাহায্য ০.৫১ কোটি কোটি) টাকা।

২। **থোক ও সহায়তা বরাদ্দঃ**

পার্বত্যাঞ্চলে বসবাসকারী জনসাধারণের চাহিদার ভিত্তিতে মন্ত্রণালয়ের অধিনস্থ সংস্থা ও অন্যান্য মন্ত্রণালয়ের মাধ্যমে তিন পার্বত্য জেলার ছোট ছোট যোগাযোগ অবকাঠামোসহ বিভিন্ন অবকাঠামো নির্মাণ, স্বাস্থ্য, শিক্ষা বনায়ন, তাঁত প্রশিক্ষণ ও উন্নয়ন, ক্ষুদ্র ও কুটির শিল্পের সম্প্রসারণ, বিদ্যুতায়ন, কৃষি গবেষণা সম্প্রসারণ, মৎস্য চাষ ও পশু সম্পদের উন্নয়ন, ফলমুলের বাগান স্থাপন, রাবার বাগান সৃজন, বৃত্তিমুলক প্রশিক্ষণ ও ক্ষুদ্র ব্যবসায় সম্প্রসারণ, পানীয় জল ও পয়ঃপ্রণালী ইত্যাদি ক্ষেত্রে নিম্নবর্ণিত ৩টি থোক/সহায়তা বরাদ্দের আওতায় বিগত ২০০৮-২০০৯ ও ২০০৯-১০ অর্থবছরে যথাক্রমে ৮০.০০ ও ১১৫.০০ কোটি বরাদ্দ দ্বারা মোট ১৬২০টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে। থোক/সহায়তাওয়ারী বাস্তবায়িত স্কিম নিম্নরূপঃ

ক) **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের জন্য উন্নয়ন সহায়তা** ঃ এ সহায়তা খাতে ২০০৮-২০০৯ অর্থবছরে ১৫.০০ কোটি টাকা বরাদ্দের দ্বারা ২৪৪টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে এবং ২০০৯-১০ অর্থবছরে ৩০.০০ কোটি বরাদ্দ দ্বারা ৪৬১টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে।

খ) **পার্বত্য চট্টগ্রাম স্থানীয় সরকার উন্নয়ন সহায়তা** ঃ এ সহায়তা খাতে বরাদ্দ দ্বারা তিন পার্বত্য জেলা পরিষদের কর্মকর্তা/কর্মচারীদের বেতন-ভাতা ও সংস্হাপন ব্যয় নির্বাহের পর অবশিষ্ট অর্থ দ্বারা ত ২০০৮-২০০৯ অর্থবছরে ১৫.০০ কোটি টাকা বরাদ্দের দ্বারা ২৫৫টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে এবং ২০০৯-১০ অর্থবছরে ২০.০০ কোটি বরাদ্দ দ্বারা ৪১৬টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে।

গ) **পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন সহায়তা** ঃ এ সহায়তা খাতে বরাদ্দ দ্বারা ২০০৮-২০০৯ অর্থবছরে ১৫.০০ কোটি টাকা বরাদ্দের দ্বারা ৮১টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে এবং ২০০৯-১০ অর্থবছরে ৬৫.০০ কোটি বরাদ্দ দ্বারা ১৬৩টি প্রকল্প/স্কিম বাস্তবায়ন করা হয়েছে।